শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যীশু বারোজন সাহায্যকারীকে বেছে নিলেন



লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অভিযোজন: E. Frischbutter; Sarah S.

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2014 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যীশু আশ্চর্য কাজ করেছিলেন। তিনি রোগ সারিয়েছিলেন, দুঃখিত মানুষদের মনে শান্তি দিয়েছিলেন এবং ঈশ্বরের বাক্য শিক্ষা দিয়েছিলেন।

সাহায্য ও সুস্থ হওয়ার আশায় লোকেরা যীশুর কাছে আসত। ঈশ্বরের কাজে তাকে সাহায্য করার জন্য, তিনি তার অনুগামীদের মধ্যে বারোজনকে মনোনীত করবেন স্থির করলেন।

যদি কোনও গুরুত্বপূর্ণ বিষয় তোমায় স্থির করতে হয়, তুমি কি যীশুর কাছে প্রার্থনা কর? যীশু করেছিলেন! তিনি এক নিরিবিলি পর্বতে তাঁর স্বর্গীয় পিতার সাথে কথা বলতেন। যতক্ষণ না সূর্যাস্ত হত, ততক্ষণ তিনি প্রার্থনা করতেন।

যীশু সারারাত
প্রার্থনা করলেন।

সকালে তিনি তাঁর শিষ্যদের ডাকলেন। যারা তাঁর সেবা ও মান্য করত, সেই সমস্ত বন্ধুদের ডাকলেন। তাদের মধ্য তিনি বারোজনকে বিশেষ সাহায্যকারী হিসাবে বেছে নিলেন, তারা প্রেরিত শিষ্য।

প্রথম যে দু'জনকে বাছা হয়েছিল, তারা হল দুই ভাই শিমোন পিতর এবং আন্দ্রিয়। তাঁকে অনুসরণ করার জন্য যীশু যখন তাদের ডাকেন, তখন তারা তাদের মাছের ব্যবসা ছেড়ে দিয়ে যীশুকে অনুসরণ করে।



যাকোব ও যোহন, সিবদিয়ের ছেলে ছিল। তারাও তাদের মাছের জাল ছেড়ে চলে এসেছিল।

যীশু আরও অনেককে বেছেছিলেন, ফিলিপ, বর্থলময়, মথি, থোমা, শিমোন, আলফেয়ের পুত্র যাকোব এবং যিহূদা। পরবর্তী সময়ে সে যীশুর শত্রু হয়ে উঠেছিল।

যীশু শিক্ষা দিতেন যে, তাঁর বাক্য পালন করা ঠিক শক্ত ভিতের উপরে একটি বাড়ি তৈরি করার মতো। প্রচণ্ড ঝড় সেই বাড়িকে ক্ষতি করতে পারবে না।

যীশুর কথা মান্য না করা ঠিক বালির ভিতের উপর তৈরি করা এক বাড়ি। যখন ঝড় আসে, তখন তা পড়ে যায়।



যীশুর কোনও কোনও আদেশ খুব সহজ ছিল না। “যদি কেউ তোমার ডান গালে চড় মারে, তাকে বাঁ গাল এগিয়ে দাও”। “তোমার শত্রুকে প্রেম কর”। যীশুর মতো হতে গেলে লোকদের ঈশ্বরের সাহায্যের প্রয়োজন।

যীশু লোকদের গোপনে প্রার্থনা করতে বলেছিলেন। মানুষদের সামনে ধর্মীয় নেতাদের মতো লোক দেখানো প্রার্থনা করতে বারণ করেছিলেন।

যীশু বলেছেন, যারা ঈশ্বরকে বিশ্বাস করে, তিনি তাদের খাদ্য ও বস্ত্র জোগাবেন। যেহেতু ঈশ্বর পাখিদের খাদ্য, ফুলদের ও গুল্মদের রং দেন; সেইজন্য তাঁর লোকেরা তাদের প্রয়োজনীয় বিষয়ের জন্য তাঁর উপর নির্ভর করতে পারে।

সেইদিন যীশু তাঁর নবনিযুক্ত শিষ্যদের অনেক কিছু শিখিয়েছিলেন। যখন তিনি শেষ করলেন, তখন একজন কুষ্ঠী তাঁর কাছে আসলেন। সে সুস্থ হওয়ার জন্য যীশুকে অনুরোধ করতে লাগল।

যীশু উত্তর দিলেন, "আমি করব, শুচি হও"। শিষ্যরা সেই কুষ্ঠীকে সম্পূর্ণ সুস্থ হতে দেখল। একমাত্র ঈশ্বরের পুত্রই এটা করতে পেরেছিল। শিষ্যরা জানত যে, তারা এক ভালো গুরু পেয়েছে।

যীশু বারোজন সাহায্যকারীকে বেছে নিলেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ৪-৭; মার্ক ১; লুক ৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬